

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.dss.gov.bd

‘শেখ হাসিনার
দিনবদলে, সমাজসেবা
এগিয়ে চলে’

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪৬.১৯.২৬৫

তারিখ: ১২ অগ্রহাষণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

অফিস আদেশ

যেহেতু, পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা এর নিকট হতে ইউ. ও. নোট নম্বর ৪১.০১.০০০০.০৪২.১৬.১২২.১৯.৫৬৯ তারিখ ২১/০৪/২০১৯ যোগে প্রাপ্ত অনানুষ্ঠানিক পত্রে উল্লেখ করা হয় বিগত ১৮/০৪/২০১৯ তারিখে সমাজসেবা অধিদফতর, ঢাকায় ক্ষুদ্রঋণের ১০টি উপজেলার হালনাগাদ হিসাব উপস্থাপন সংক্রান্ত সভায় উপজেলা সমাজসেবা কার্যালয়, দেলদুয়ার, টাংগাইল এর মেন্টর কর্তৃক প্রাপ্ত হিসাব নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, বেগম রাজিয়া খাতুন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নাগরপুর, টাংগাইল পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, দেলদুয়ার, টাংগাইল কর্মরত অবস্থায় তার দায়িত্বাধীন ৫টি প্রকল্প গ্রামের ৫ জন সভাপতির নিকট বিগত ১০ বছর যাবত ৮,১৮,৩০০/- হস্তমজুদ রয়েছে। উল্লিখিত ঋণের টাকা কোন ঋণ গ্রহিতাদের হাতে পৌঁছায়নি এবং তার যোগসাজসে এ ঋণ বিতরণ করা হয়। ঋণ বিতরণের পর তিনি প্রায় ৫ বছর উপজেলা সমাজসেবা কার্যালয়, দেলদুয়ার, টাংগাইল কর্মরত থাকলেও তার ঋণ আদায়ের হার শূণ্য ছিল। এহেন অবস্থা প্রমাণ করে তিনি সরকারি দায়িত্ব পালনে আন্তরিক নন। তিনি সরকারি দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শন করেছেন যা কখনোই কাম্য নয়। এপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশে উপরোক্ত অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অধিদফতরের স্মারক নম্বর ১৪৬ তারিখ ১৮/০৬/২০১৯ যোগে সাময়িক বরখাস্ত করা হয় এবং একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা(মামলা নং ২২/২০১৯ তারিখ ০৩/০৭/২০১৯) রুজু করা হয়;

যেহেতু, বেগম রাজিয়া খাতুন বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে ক্ষুদ্রঋণের অনাদায়ী অর্থ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন পত্র ও অন্যান্য রেকর্ড পত্রাদি পর্যালোচনা করে দেখা যায় বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের পর তিনি তার সকল অনাদায়ী অর্থ আদায় করতে সক্ষম হয়েছেন। শুনানিকালে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনাসহ বিভাগীয় মামলা হতে অব্যাহতি কামনা করেন;

সেহেতু, বেগম রাজিয়া খাতুন, ইউনিয়ন সমাজকর্মী(সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, নাগরপুর, টাংগাইল এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালায় বিধি ৪(২)(খ) মোতাবেক বার্ষিক বেতনবৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতনভাতাদি প্রাপ্য হবেন। আরোপিত দন্ড তার সার্ভিস বহিতে লালকালিতে লিপিবদ্ধ করতে হবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১-১২-২০১৯

মোঃ জুলফিকার হায়দার
পরিচালক

১২ অগ্রহাষণ ১৪২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ৩/২০, হামায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
- ৪) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাংগাইল।
- ৬) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৭) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৮) উপজেলা সমাজসেবা অফিসার, নাগরপুর/ দেলদুয়ার, টাংগাইল।
- ৯) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, নাগরপুর, টাংগাইল।
- ১০) বেগম রাজিয়া খাতুন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নাগরপুর, টাংগাইল।

১-১২-২০১৯

মোঃ সাফায়েত হোসেন তালুকদার
উপপরিচালক